



বাংলাদেশ তীত বোর্ড

বন্দ্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd



স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.২২-৯৭৯

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বন্দ্র ও পাট মন্ত্রণালয়ের ২১.০৯.২০২২ খ্রিঃ তারিখের ২৪.০০.০০০০.১১৬.২৮.০০১.১৪-১২৭ নং স্মারকের প্রদত্ত ছাড়পত্র অনুসারে বাংলাদেশ তীত বোর্ড (বাভীবো) এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই
০১.	ডাইভার (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	০৩ (তিন)টি	অষ্টম শ্রেণি পাস ও কমপক্ষে ০৩ বৎসরের অভিজ্ঞতাসহ বৈধ লাইসেন্সধারী	গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, ফেনী, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, রংপুর, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, মাগুরা, বরিশাল, ভোলা, ঝালকাঠি এবং পটুয়াখালী।

আবেদনের শর্তাবলী:

- প্রার্থীদের সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ তীত বোর্ডের ওয়েবসাইট www.bhb.gov.bd হতে সংগ্রহ করা যাবে। উক্ত ওয়েবসাইটে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে প্রবেশপত্রের ০২ (দুই) কপি যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে ১১ নং ক্রমিক বর্ণিত কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবিও আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদের আবেদন ফরম অবশ্যই প্রার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে।
- আবেদনপত্র আগামী ১৪.১২.২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে চেয়ারম্যান, বাংলাদেশ তীত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।
- (ক) ২৪ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক মোতাবেক চাকরি প্রার্থীদের বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতা/পিতার পিতা/পিতার মাতা/ মাতার পিতা/ মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং এ সংক্রান্ত সর্বশেষ প্রকাশিত গেজেট; যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীস্বাক্ষরিত এর সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্যাদি প্রার্থীদের যথাসময়ে বাংলাদেশ তীত বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ২০০/- (দুইশত) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ তীত বোর্ড এর অনুকূলে জমার স্বপক্ষে চালান/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূলকপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
- খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটার (যদি থাকে) প্রার্থী হলে তা উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০"×৪.৫" সাইজের) পাঠাতে হবে। প্রার্থীর ঠিকানাবিহীন ফেরতখাম গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন এবং সংশ্লিষ্ট সনদের মূলকপি সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র; (খ) জাতীয় পরিচয়পত্র; (গ) জন্ম সনদ; (ঘ) হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স; (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (চ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (ছ) অভিজ্ঞতা সনদপত্র ও প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়ন পত্র।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩.১১.২০২২
(সুকুমার চন্দ্র সাহা)

পরিচালক (প্রশাসন) [অঃদাঃ] ও
সদস্য সচিব

২ নং নিয়োগ/পদোন্নতি বাহাই কমিটি, বাভীবো

ফোন: ৫৮১৫২৮৯৮

E-mail: director.admin@bhb.gov.bd